দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা

এনএসডিসি সচিবালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

মে ২০১৬

এনএসডিসি সচিবালয়ের দুইটি গবেষণা কর্মের মোড়ক উন্মোচন

এনএসডিসি সচিবালয়ের ২০১৪-১৫ অর্থ বছরের রাজস্ব বাজেটের গবেষণা ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের অধীনস্থ গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট কর্তৃক যথাক্রমে 'Study on migration pattern of workforce in RMG sector for positioning RMG related skill training centers' এবং 'Study on skills requirement in agricultural sector to meet future demand of mechanized cultivation' শীর্ষক গবেষণা কর্ম দুইটি সম্পাদিত হয়। দক্ষতা উন্নয়নের অংশ হিসেবে বাংলাদেশে ক্রমবর্ধমান ও কর্মসংস্থানের অন্যতম প্রধান সেক্টর আরএমজি সেক্টরে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে কোন কোন এলাকায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে সে উদ্দেশ্যে আরএমজি সেক্টরে প্রথম গবেষণাকর্মটি এবং কৃষিখাতে উন্নত প্রযুক্তিসম্পন্ন আধুনিক যন্ত্রপাতি পরিচালনায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ প্রতিষ্ঠান-সমূহের কোর্স কারিকুলামে কি কি বিষয় অন্তর্ভুক্ত করতে হবে সে লক্ষ্যে দ্বিতীয় গবেষণাকর্মটি পরিচালিত হয়। গবেষণা কর্ম দুইটির প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে দুইটি গবেষণা প্রতিবেদন এনএসডিসি সচিবালয় কর্তৃক মুদ্রণ করা হয়।

চিত্র ১: এনএসডিসি সচিবালয়ের গবেষণা প্রতিবেদনের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং বিশেষ অতিথি উক্ত মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ।

গত ৭ মে ২০১৬ তারিখে এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে প্রধান অতিথি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক এমপি এবং বিশেষ অতিথি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মিকাইল শিপারের উপস্থিতিতে মুদ্রিত গবেষণা প্রতিবেদন দুইটির মোড়ক উন্মোচন করা হয়।

দুইটি গবেষণা প্রতিবেদনের মোড়ক উন্মোচন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম। অত্র অনুষ্ঠানে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট এর পরিচালক প্রফেসর আলতাফ জলিল এবং গবেষণা কর্ম সম্পাদনকারী প্রতিনিধিদল, ব্রিটিশ কাউন্সিলের জনাব লুইস কাউচার, গণমাধ্যমের কর্মী, সাংবাদিক প্রমুখেরা উপস্থিত ছিলেন।

চিত্র ২: এনএসডিসি সচিবালয় কর্তৃক মুদ্রিত গবেষণা কর্ম দুইটির মোড়ক উন্মোচন।

পবিত্র কুরআন তেলওয়াতের মাধ্যমে এ অনুষ্ঠান শুরু হয় এবং সভাপতি সকলকে স্বাগতম জানান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট এর প্রতিনিধি ডঃ মোঃ তৌফিকুল ইসলাম গবেষণা কর্ম দুইটির প্রাপ্ত ফলাফল সকলের নিকট তুলে ধরেন। তিনি জানান যে, আরএমজি সেক্টরে মাইগ্রেশন প্যার্টান অনুসরণ করে দেখা যায় যে, অনগ্রসর গ্রামীণ জনপদে বা চর বা পাহাড়ী এলাকায় এরূপ কোন প্রশিক্ষণ কেন্দ্র নেই এবং এ সেক্টরে ক্যারিয়ারের উন্নয়নের ধাপ খুব সীমিত বিধায় ঘন ঘন শ্রমিক মাইগ্রেশন ঘটে।

এই সংখ্যায় উল্লেখযোগ্য

- ❖ এনএসডিসি সচিবালয় পরিচালিত গবেষণা প্রতিবেদন দুইটির মোড়ক উন্মোচন অনুষ্ঠান;
- ❖ 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি অবহিতকরণ' বিষয়ক কর্মশালা ;
- ❖ 'আত্ম-কর্মসংস্থান ও উদ্যোক্তা তৈরি' বিষয়ক পলিসি ডায়ালগে অংশগ্রহণ;
- ❖ 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি অবহিতকরণ' এবং সিবিএলএম প্রণয়ন সংক্রান্ত কর্মশালা;
- ❖ IDEB সম্মেলনে Build Skill Bangladesh শীর্ষক পেপার উপস্থাপন;
- ❖ আরএমজি সেক্টর আইএসসির সাথে সভা;
- ❖ ইসিএনএসডিসি'র ২০ তম সভা;
- ❖ Skill Development Working Group (SDWG) এর ৮ম সভা;
- ❖ থাইল্যান্ডে অনুষ্ঠিত PPMC কোর্সে অংশগ্রহণ;
- ❖ Consultative Forum এর TVET Financing System এর উপর সভা;
- ❖ সিঙ্গাপুর, চীন ও আফগানিস্তান থেকে আগত প্রতিনিধিদের সাথে সাক্ষাৎ।

অপরদিকে এগ্রিকালচার সেক্টরে প্রতি বছরই শ্রমিকদের মাইগ্রেশন ঘটছে এবং দিন দিন এ সেক্টরে জনবল হ্রাস পাচ্ছে। কৃষিখাতে উন্নত প্রযুক্তিসম্পন্ন আধুনিক যন্ত্রপাতি পরিচালনায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের উপযোগিতা নির্ণয়ে এ গবেষণা প্রাপ্ত ফলাফল গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদী।

চিত্র ৩: ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট এর গবেষণা কর্ম সম্পাদনকারী প্রতিনিধি গবেষণা দুইটির ফলাফল সংক্ষেপে ব্যক্ত করছেন।

অনুষ্ঠানের বিশেষ অতিথি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এনএসডিসি সচিবালয়ের প্রথম প্রাতিষ্ঠানিক গবেষণা প্রকাশনার ভূয়সী প্রশংসা করেন এবং বর্তমান সময়ের চাহিদার বিপরীতে আরএমজি এবং কৃষিখাতে এরূপ যুগোপযুগী গবেষণার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের অধীনস্থ গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট ও এনএসডিসি সচিবালয়ের গবেষণা সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

তিনি উল্লেখ করেন যে, বর্তমানে আরএমজি খাতে প্রশিক্ষণের ক্ষেত্রে Production Level কে অধিক গুরুত্ব না দিয়ে Maintenance Level কে গুরুত্ব দেওয়া প্রয়োজন এবং সে অনুযায়ী প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা বাঞ্ছনীয়। বিশেষ অতিথির বক্তব্য প্রদানের পর সভাপতির অনুরোধে প্রধান অতিথির নেতৃত্বে উপস্থিত সকলে মুদ্রিত গবেষণা প্রতিবেদন দুইটির মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। প্রধান অতিথি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক এমপি বলেন, এ গবেষণা কর্ম দুটি বর্তমান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুইটি গুরুত্বপূর্ণ সেক্টরের চাহিদাকে ফোকাস করেছে। কেবলমাত্র দক্ষ শ্রমিকের অভাবে প্রতি বছর ৫ বিলিয়ন বৈদেশিক মুদ্রা দেশ হারাচ্ছে। কৃষি খাতে প্রয়োজনীয় শ্রমিকের অভাবে বিশেষ করে ধান কাটার সময়ে লক্ষ কোটি টাকার ফসল মাঠে নষ্ট হয় এবং এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে উন্নত প্রযুক্তিসম্পন্ন আধুনিক যন্ত্রপাতি পরিচালনায় দক্ষ শ্রমিক প্রশিক্ষণের মাধ্যমে তৈরি করা বর্তমান সময়ের দাবী। তিনি এনএসডিসি সচিবালয়ের উদ্যোগে গবেষণাকর্ম দুটির মুদ্রণ ও মোড়ক উন্মোচনের প্রশংসা করে বলেন, দেশে দক্ষ প্রজন্ম তৈরির মিশনে অঙ্গীকার বদ্ধ এনএসডিসি সচিবালয়ের গবেষণাকর্ম দুইটির প্রাপ্ত ফলাফল ভবিষ্যতে সংশ্লিষ্ট সেক্টরে সরকারের নীতি নির্ধারণের পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সভাপতি অনুষ্ঠান শেষে সকলকে এ অনুষ্ঠানে উপস্থিতির জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধিদের অংশগ্রহণে 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ অবহিতকরণ' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

৭ মে, ২০১৬ তারিখে সকাল ১০.০০টায় এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০১১ অবহিতকরণ' শীর্ষক কর্মশালা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধিদের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়েছে। এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত কর্মশালায় তিনি World skills scenario, TVET scenario এর উপর স্লাইড উপস্থাপন করেন। এছাড়া জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়নে প্রণীত এনএসডিসি এ্যাকশন প্ল্যান ফেইজ-১ এবং পরবর্তীতে প্রণীতব্য ফেইজ-২ সম্পর্কে ধারণা প্রদান করেন।

চিত্র ৪: এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্মশালায় World skills scenario, TVET scenario এর উপর স্লাইড উপস্থাপন করছেন।

এনএসডিসি সচিবালয়ের পরিচালক মোহাম্মদ রেজাউল করিম অত্র প্রতিষ্ঠানের মিশন, ভিশন ও অর্জন নিয়ে স্লাইড উপস্থাপনা করেন। তিনি উল্লেখ করেন যে, বর্তমানে এনএসডিসি সচিবালয় সরকারের ২২টি মন্ত্রণালয় এবং ৩২টি দপ্তর ও অধিদপ্তর নিয়ে কাজ করছে। এনএসডিসি'র ৩য় সভায় অনুমোদিত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা (ফেইজ-১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন আছে। এছাড়া মোট ২২টি মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত খসড়া কর্মপরিকল্পনা একীভূত করে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা (ফেইজ-২)-এর প্রণয়নের প্রাথমিক কাজ শুরু করা হয়েছে। দক্ষতা উন্নয়ন কার্যক্রমে শিল্পের অধিকতর সম্পৃক্তকরণের জন্য বিভিন্ন শিল্প সেক্টরের ১২টি আইএসসি গঠিত হয়েছে। এই আইএসসিগুলোকে শক্তিশালী ও অধিকতর কার্যকরকরণের লক্ষ্যে এবং সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গাইডলাইন প্রণয়নে এনএসডিসি সচিবালয় ভূমিকা রেখেছে।

চিত্র ৫: এনএসডিসি সচিবালয়ের পরিচালক (কর্মসূচি) এনএসডিপি-২০১১ সম্পর্কিত স্লাইড উপস্থাপন করছেন।

এনএসডিসি সচিবালয়ের চলমান কার্যাবলী নিয়ে অত্র প্রতিষ্ঠানের উপপরিচালক নেপাল চন্দ্র কর্মকার স্লাইড উপস্থাপনা করেন। তিনি উল্লেখ করেন যে, এনএসডিসি সচিবালয়ের উদ্যোগে রাজস্ব বাজেটের অর্থায়নে "কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (টিভিইটি) প্রতিষ্ঠানসমূহের শুমারী ২০১৫" বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাধ্যমে পরিচালিত হয়েছে। মূল সেন্সাস এর কাজ সমাপ্ত হয়েছে এবং সেন্সাসের রিপোর্ট প্রক্রিয়াধীন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি) এর অর্থায়নে টিভিইটি প্রতিষ্ঠানসমূহের গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে এনএসডিসি সচিবালয়ের তত্ত্বাবধানে নির্বাচিত ৬০৫টি সরকারি, বেসরকারি ও এনজিও পরিচালিত টিভিইটি প্রতিষ্ঠানে স্কিলস্ প্রোভাইডার্স সার্ভে পরিচালনা করা হয়। ইতোমধ্যে সার্ভে সমাপ্ত হয়েছে এবং চূড়ান্ত প্রতিবেদন প্রণীত ও প্রকাশিত হয়েছে।

চিত্র ৬: এনএসডিসি সচিবালয়ের উপপরিচালক (গবেষণা ও নীতি) প্রতিষ্ঠানের চলমান কার্যকলাপের উপর স্লাইড উপস্থাপন করছেন।

জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ অনুযায়ী টিভিইটি সেক্টরে নারীদের অন্তর্ভুক্তি বৃদ্ধির লক্ষ্যে আইএলও'র সহায়তায় প্রণীত "বাংলাদেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (টিভিইটি) কার্যক্রমে জেন্ডার সমতা উন্নয়নে জাতীয় কৌশল" ও এর বাস্তবায়ন এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন TVET Reform প্রকল্পের মাধ্যমে প্রতিবন্ধীদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণে অন্তর্ভুক্তির কৌশলপত্রের খসড়াটি নিয়ে অত্র প্রতিষ্ঠানের উপপরিচালক

চিত্র ৭: এনএসডিসি সচিবালয়ের উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত) Gender and Person with Disabilities এর জন্য প্রস্তাবিত কৌশলপত্রের উপর স্লাইড উপস্থাপন করছেন।

জেন্ডার ফোকাল পয়েন্ট শুভ্রা রায় স্লাইড উপস্থাপনা করেন। বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন-২০০১ এ দক্ষতা উন্নয়ন কর্মসূচিতে বিশেষ চাহিদা রয়েছে এমন শ্রেণির মানুষের অংশগ্রহণ বাড়িয়ে তাদের সুযোগ আরও বৃদ্ধি করার বিষয়টি নিশ্চিত করা হয়েছে। এটি অর্জন করার জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এ বেশ কিছু পদক্ষেপ গ্রহণের সুপারিশ করা হয়েছে যা সংক্ষেপে তিনি উল্লেখ করেন। এনএসডিসি সচিবালয়ের গবেষণামূলক কর্মকান্ড নিয়ে অত্র প্রতিষ্ঠানের গবেষণা কর্মকর্তা নাহিদ আখতার শান্তা স্লাইড উপস্থাপনা করেন। বিগত অর্থবছরের (২০১৪-১৫) রাজস্ব বাজেটে পরিচালিত আরএমজি এবং কৃষি- এ দুইটি গুরুত্বপূর্ণ খাতে পরিচালিত গবেষণা কর্মের সংক্ষিপ্ত ফলাফল, স্কিলস ডাটা সিস্টেম, স্কিলস প্রোভাইর্ডাস সার্ভে, টিভিইটি ইনস্টিটিউশান সেন্সাস ২০১৫,

চিত্র ৮: এনএসডিসি সচিবালয়ের গবেষণা কর্মকর্তা উক্ত প্রতিষ্ঠানের গবেষণামূলক কার্যকলাপের এর উপর স্লাইড উপস্থাপন করছেন।

আইএলও এবং B-SEP প্রজেক্টের অর্থায়নে এনএসডিসি সচিবালয় কর্তৃক আয়োজিত Research Methodology অনুমোদিত কোর্সের সংক্ষিপ্ত বিবরণ ইত্যাদি তথ্য তার উপস্থাপনা থেকে জানা যায়।

আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা তৈরি বিষয়ক পলিসি ডায়ালগে অংশগ্রহণ

১৪ মে, ২০১৬ তারিখে সকাল ৯.৩০টায় প্রধানমন্ত্রী কার্যালয়ের করবী হলে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, আইএলও'র 'বাংলাদেশ স্কিলস ফর এমপ্লয়মেন্ট এ্যান্ড প্রোডাকটিভিটি প্রকল্প ও ইউরোপীয় ইউনিয়নের' ইন্টিগ্রেটেড সাপোর্ট টু পোভার্টি এ্যান্ড ইনইকুয়ালিটি রিডাকশন থ্রু এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রকল্পের যৌথ 'আত্ম-কর্মসংস্থান ও উদ্যোক্তা তৈরি' বিষয়ক পলিসি ডায়ালগ সম্পন্ন হয়। উক্ত পলিসি ডায়ালগে অংশগ্রহণ করেন এনএসডিসি সচিবালয়ের পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। আইএলও কর্তৃক বিভিন্ন দেশে পরিচালিত আত্ম-কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক প্রোগ্রাম Start and Improve Your Business (SIYB) এর অভিজ্ঞতা এ ডায়ালগে শেয়ার করা হয়।

'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ অবহিতকরণ' এবং CBLM প্রণয়ন সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত

১৪ মে, ২০১৬ তারিখে সকাল ৯.৩০টায় এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ অবহিতকরণ ও নির্বাচিত এনজিওদের মাধ্যমে কম্পেটেন্সী বেইজড লার্ণিং ম্যাটেরিয়াল (সিবিএলএম) প্রণয়ন সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং তিনি একটি প্রেজেন্টেশনের মাধ্যমে বাংলাদেশে বিদ্যমান শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীগণ কিভাবে কোনরূপ দক্ষতা ছাড়াই কর্মজগতে প্রবেশ করে তা দেখান এবং পাশাপাশি বিদ্যমান শিক্ষা ব্যবস্থার সাথে দক্ষতাকে সম্পৃক্ত করে শিক্ষার্থীগণ কিভাবে প্রবেশ করতে পারে, আবার কর্মজগৎ থেকে কিভাবে শিক্ষা জগতে প্রবেশ করে দক্ষতার উন্নতি ঘটিয়ে কর্মজগতে প্রবেশ করতে পারে তা সুন্দরভাবে উপস্থাপন করেন।

চিত্র ৯ঃ এনএসডিসি সচিবালয়ে অনুষ্ঠিত সিবিএলএম প্রণয়ন সংক্রান্ত কর্মশালা।

জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর ঘোষণা অনুযায়ী ২০২১ সালের মধ্যে টিভিইটিতে ২০% শিক্ষার্থী ভর্তির হার বৃদ্ধি করতে হলে ই-লার্ণিং এর সহায়তা নেওয়া ব্যতীত কোনভাবেই তা পূরণ করা সম্ভব না বলে তিনি বক্তব্যে উল্লেখ করেন। তাছাড়া তিনি 'এটুআই প্রোগ্রামের' সহায়তায় সিবিএলএম তৈরির একটি নেটওয়ার্ক গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন যার মাধ্যমে ভবিষ্যতে প্রয়োজনীয় সংখ্যক স্ট্যান্ডার্ড ও সিবিএলএম তৈরি করা যাবে। প্রধানমন্ত্রী কার্যালয়ের এ্যাকসেস টু ইনফরমেশনের (এটুআই) প্রোগ্রামের পলিসি স্পেশালিস্ট জনাব মোঃ আফজাল হোসেন সারোয়ার ই-লার্ণিং মুক্ত পাঠ প্ল্যাটফর্ম এবং আইওএম কর্তৃক প্রস্তুতকৃত কিছু ই-লার্ণিং ম্যাটেরিয়াল উপস্থিত সদস্যদের জন্য প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরেন। তিনি বলেন, সিবিএলএম প্রণয়নে বিভিন্ন ধরনের ভিডিও, টেক্সট, এ্যানিমেশন ইত্যাদি ব্যবহার করা হবে যাতে করে টার্গেটেড শিক্ষার্থীগণ সেগুলো অনুসরণ ও পঠনে কোনরূপ অনীহার সম্মুখীন না হয়। প্রধানমন্ত্রী কার্যালয়ের এ্যাকসেস টু ইনফরমেশনের (এটুআই) প্রোগ্রামের ই-লার্ণিং স্পেশালিস্ট প্রফেসর ফারুক আহমেদ তার বক্তব্যে বলেন যে, এনজিওগুলো তাদের বর্তমান প্রশিক্ষণ কার্যক্রম বজায় রেখেই ই-লার্ণিং কনটেন্ট ডেভোলপ করতে পারেন। তিনি উল্লেখ করেন যে, গ্রামের অনেক মহিলা বা ব্যক্তি সামাজিক, ধর্মীয়, পারিবারিক বা বিভিন্ন কারণে প্রশিক্ষণ কেন্দ্রে এসে প্রশিক্ষণ গ্রহণ করতে পারে না বা ইচ্ছুক নয়, তাদের জন্য অফ লাইন ই-লার্ণিং কনটেন্ট অনেক বেশি কার্যকরী ভূমিকা পালন করবে।

গণসাক্ষরতা অভিযানের উপ-পরিচালক জনাব তপন কুমার দাশ বলেন যে, পৃথিবীর অনেক দেশে ই-লার্ণিং এর মাধ্যমে কারিকুলাম ও প্রশিক্ষণ উপকরণ প্রণয়ন অনেক আগে শুরু হলেও বাংলাদেশে কেবলমাত্র এর যাত্রা শুরু হয়েছে যা দেরীতে হলেও আশাব্যাঞ্জক। তাছাড়া তিনি উল্লেখ করেন, এনজিও যেহেতু তৃণমূল পর্যায়ের জনসাধারণ নিয়ে কাজ করে, তাই গ্রামীণ বিশাল জনগোষ্ঠীর কাছে টিভিইটিকে পৌছাতে হলে ই-লার্ণিং এর মাধ্যমে প্রশিক্ষণ ম্যাটেরিয়াল তৈরির কোন বিকল্প নাই। গণসাক্ষরতা অভিযান এরই মধ্যে কিছু কিছু ই-লার্ণিং প্রশিক্ষণ ম্যাটেরিয়াল তৈরি করে এনজিও সমূহের মধ্যে ই-লার্ণিং সচেতনতা বৃদ্ধির জন্য এ্যাডভোকেসী করে যাচ্ছে যাতে কওে এনজিওগুলো তাদের প্রশিক্ষণার্থীদের জন্য ই-লার্ণিং কনটেন্ট প্রণয়ন করে প্রশিক্ষণ প্রদান করতে পারে। রহিম আফরোজের চীফ এক্সিকিউটিভ অফিসার জনাব মুবাশ্বের মুনাফ মঈন বলেন, ই-লার্ণিং অন-লাইনে প্রচার করা হলে সেখানে কি কি কোর্স থাকবে; ভিডিও, কনটেক্সট ইত্যাদি কি কি থাকবে; খরচ কেমন হবে; খরচ কে কে বহন করবে; স্ট্যান্ডার্ড কি হবে ইত্যাদি বিভিন্ন বিষয় বিবেচনা করে ই-লার্ণিং কনটেন্ট তৈরির বিষয়ে যথাযথ চিন্তা করে এগোতে হবে। সভাপতি উল্লেখ করেন যে, স্কিলসের ই-লার্ণিং বিষয়টি সময় লাগলেও প্রতিটি অংশ ধাপে ধাপে প্রদর্শন করতে হবে যাতে করে প্রশিক্ষণার্থী নিজে নিজে প্রশিক্ষণটি রপ্ত করতে পারে। কর্মশালা শেষে বিটিইবি কর্তৃক যে ১৪১টি স্যান্ডার্ড তৈরি হয়েছে তার মধ্যে থেকে কোন কোন এনজিও কোন কোন ট্রেডে সিবিএলএম তৈরি করতে পারবে তার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। নিম্নে তা উল্লেখ করা হলো:

ক্রমিক নং	প্রণীতব্য সিবিএলএম	নির্বাচিত এনজিও
১.	গার্মেন্টস সুইং মেশিন অপারেশন, লেভেল-২	টিসিএম
২.	অকুপেশনাল সেফটি এন্ড হেলথ ঃ বিদ্যমান আইনে বর্তমান সেফটি ইস্যুগুলো যাচাই	আইন ও শালিস কেন্দ্র
৩.	মোবাইল সার্ভিসিং এন্ড রিপিয়ারিং	এসইউএফ এবং নারী মৈত্রী
৪.	Plumbing and Masionery	BRAC
৫.	Motor Cycle Servicing	Basic Development Partners (BDP)
৬.	কারচুপি	ঢাকা আহছানিয়া মিশন
৭.	Led Machine Operator	MAWTS
৮.	House Wiring	RDRS Bangladesh
৯.	Agriculture Machineries (repairing and maintenance)	Catalyst
১০.	Solar Water Pump (include standard)	দীপশিখা
১১.	Vermi compost (include standard)	CMES
১২.	Apiculture	CMES
১৩.	Biofertilizer (include standard)	FIVDB
১৪.	Carpentary	UCEP

চিত্র ১০: আইডিইবি এর ২১ তম সম্মেলনে পেপার উপস্থাপন করছেন এনএসডিসি সচিবালয়ের সিইও।

১২ মে ২০১৬ তারিখে বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্রে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স বাংলাদেশের ২১তম জাতীয় সম্মেলন ও ৩৯তম কাউন্সিল অধিবেশনে Build Skill Bangladesh: International Perspective শীর্ষক সেমিনারে জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ (এনএসডিসি) সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা Build Skill Bangladesh শীর্ষক পেপার উপস্থাপন করেন। অত্র পেপারে তিনি বাংলাদেশের প্রচলিত সাধারণ শিক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ ব্যবস্থা, মাদ্রাসা শিক্ষা ইত্যাদির মধ্যে সমন্বয় সাধনের জন্য প্রস্তাবিত কৌশলসহ একটি চমৎকার তথ্যবহুল পেপার উপস্থাপন করেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন প্রধানমন্ত্রী কার্যালয়ের মুখ্য সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ। তাছাড়া উক্ত অনুষ্ঠানের গুরুত্বপূর্ণ আলোচনায় অংশ নেন সিঙ্গাপুরের নানিয়াং পলিটেকনিক ইনস্টিটিউটের পরিচালক ডঃ বলদেব সিং, আইএলওর B-SEP প্রকল্পের চিফ টেকনিক্যাল এ্যাডভাইসর জনাব সিজার ড্রাগুটান, সিপিএসসির মহাপরিচালক প্রফেসর ডঃ জি কুলানথাভিয়াল।

আইএসসিসমূহের সাথে সভা

RMG & Textile ISC

৫ মে অক্টোবর সকাল ১০.৩০ মিনিটে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব) জনাব এবিএম খোরশেদ আলম এর সভাপতিত্বে RMG and Textile Industry Skills Council (RTISC) এর এর প্রতিনিধিবৃন্দ, BGMEA, BKMEA, BTMA, BEMEA, NCCWE এর প্রতিনিধিদের উপস্থিতিতে এনএসডিসি সচিবালয়ের কনফারেন্স রুমে আরএমজি ও টেক্সটাইল আইএসসি বোর্ড অফ ডিরেক্টর গঠন ও শক্তিশালীকরণ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সভার শুরুতে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ অনুসারে আইএসসি গঠন ও তার মূল কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ, সংশ্লিষ্ট সেক্টরের দক্ষতা উন্নয়ন কার্যক্রম পর্যবেক্ষণ ও পুনঃরীক্ষণ, সুনির্দিষ্ট দক্ষতা উন্নয়ন নীতির প্রয়োগ, কৌশলপত্র প্রণয়ন, কারিকুল্যাম তৈরি, জনবল প্রদান, শিক্ষানবিসি কার্যক্রম জোরদার করা, দক্ষতা উন্নয়ন বিষয়ক বিভিন্ন পরিকল্পনা প্রণয়ন ইত্যাদি আলোচনা করেন। সুদক্ষ প্রকল্পের পক্ষ থেকে জনাব মামুন আল রশিদ, গর্ভনেন্স এন্ড পলিসি নেটওয়ার্ক এন্যালিস্ট, সুদক্ষ প্রকল্প স্লাইড প্রেজেন্টেশনের মাধ্যমে আইএসসিসমূহের কার্যাবলী উল্লেখ করে প্রস্তাবিত RTISC এর জন্য Memorandum of Association (MoA) এর ফরমেট উপস্থাপন করেন। সভায় আলোচনার মাধ্যমে সভায় RTISC এর গর্ভর্ণিং বডিতে একজন চেয়ারপারসন, দুইজন ভাইস চেয়ারপারসন, একজন জেনারেল সেক্রেটারি, একজন ট্রেজারার এবং ৫-১৫ জন ডিরেক্টরের সমন্বয়ে গঠিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী সভায় এ গর্ভর্ণিং বডির চেয়ারপারসন ও অন্যান্য সদস্য নির্বাচন করা হবে বলে সভাপতি এ সভায় উল্লেখ করেন।

চিত্র ১১ঃ এনএসডিসি সচিবালয়ে অনুষ্ঠিত RTISC এর সভা।

২০ তম ইসিএনএসডিসি সভা অনুষ্ঠিত

গত ৩০ মে, ২০১৬ তারিখে সকাল ১০.০০টায় এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে ইসিএনএসডিসির ২০তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মিকাইল শিপার, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; জনাব মোঃ সোহরাব হোসেন, সচিব, শিক্ষা মন্ত্রণালয়, এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী র্কমর্কতা (অতিরিক্ত সচিব) জনাব এ বি এম খোরশেদ আলম এবং ইসিএনএসডিসির মাননীয় সদস্যগন ও এনএসডিসির কর্মর্কতাগণ।

চিত্র ১২: ২০ তম ইসিএনএসডিসি সভায় সম্মানিত সচিব জনাব মিকাইল শিপার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সম্মানিত সচিব জনাব জনাব মোঃ সোহরাব হোসেন, শিক্ষা মন্ত্রণালয় এবং এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী র্কমর্কতা (অতিরিক্ত সচিব) জনাব এ বি এম খোরশেদ আলম।

সভার প্রারম্ভে তিনি উল্লেখ করেন যে, শিক্ষা সচিব মহোদয়ের যোগদানের পর এটিই ইসিএনএসডিসির প্রথম সভা। শিক্ষা সচিব মহোদয়কে সভায় স্বাগত জানিয়ে তিনি বলেন যে, পরবর্তীতে পর্যায়ক্রমে অন্যান্য কো-চেয়ারপার্সনগণ সভায় সভাপতিত্ব করবেন। সভাপতির অনুমতিক্রমে ইসিএনএসডিসির সদস্য-সচিব আলোচ্যসূচিসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। ইসিএনএসডিসির ১৯তম সভার র্কাযবিবরণী (প্রস্তাবিত সংশোধনী-সহ) উক্ত সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

চিত্র ১৩ঃ ২০ তম ইসিএনএসডিসি সভার বেসরকারি সদস্য ও প্রতিনিধিদল।

তাছাড়া টিভিইটি'র সামাজিক মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রকল্প কর্তৃক তৈরিকৃত টিভি স্পট, ডকুমেন্টারী, ট্রেইলার ইত্যাদি সংগ্রহ করে এনএসডিসি সচিবালয় বিভিন্ন স্টেকহোল্ডারের মাধ্যমে প্রচারণার ব্যবস্থা নিবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। এনএসডিসি'র ৪র্থ সভার জন্য মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদিত আলোচ্যসূচীর আলোকে প্রণীত কার্যপত্রটি সভায় অনুমোদন করা হয়। টিভিইটি সেক্টরে গবেষণার নিমিত্তে এনএসডিসি সচিবারয় কর্তৃক প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহের অনুমোদন ও গবেষণা পরিচালনার লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং সচিব, শিক্ষা মন্ত্রণালয়সহ উপস্থিত সদস্যবৃন্দ টিভিইটি সেক্টরে গবেষণা পরিচালনার উপর গুরুত্বারোপ করেন। আলোচনায় অংশ নিয়ে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন যে, গত বছর ভূপালে অনুষ্ঠিত টিভিইটি কনফারেন্সে টিভিইটি সংক্রান্ত প্রচুর সংখ্যক গবেষণা প্রতিবেদন উপস্থাপন করা হয়। সে ক্ষেত্রে বাংলাদেশের টিভিইটি সেক্টরে তেমন কোন গবেষণা লক্ষ্য করা যায় না।

চিত্র ১৪ঃ ২০তম ইসিএনএসডিসি সভার পর্যবেক্ষক দল।

টিভিইটি সেক্টরে একটি গবেষণা পুল তৈরির লক্ষ্যে B-SEP প্রকল্পের সহায়তায় ১০৪ জন টিভিইটি কর্মকর্তাকে রির্সাচ মেথোডোলজি বিষয়ে এক সপ্তাহের প্রশিক্ষণ প্রদান করা হয় এবং প্রত্যেককে একটি গবেষণা পত্র তৈরির নির্দেশ দেওয়া হয়। এছাড়া গবেষণা পত্রগুলো যাচাই বাছাই ও অনুমোদনের নিমিত্ত একটি ৫ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয় যার সভাপতি হবেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব অশোক কুমার বিশ্বাস, সদস্য সচিব হবেন এনএসডিসি সচিবালয়ের পরিচালক (কর্মসূচি)। এ সকল গবেষণালব্ধ প্রতিবেদন ভবিষ্যতে এনএসডিসি সচিবালয় কর্তৃক জার্নালে প্রকাশ করা হবে। জাতীয়ভাবে লোগো নির্বাচন প্রক্রিয়ায় এনএসডিসি'র লোগো নির্বাচনের জন্য গঠিত কমিটি প্রাপ্ত ১৩টির মধ্যে ৫টি লোগো নির্বাচন করে যা ইসিএনএসডিসি'র সভায় উপস্থাপন করলে সদস্যবৃন্দ মতামত প্রকাশ করেন। সকলের আলোচনার প্রেক্ষিতে তিনটি লোগো এনএসডিসির চতুর্থ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এনএসডিসি ও ইসিএনএসডিসি পুনর্গঠনের প্রয়োজনীয়তা বিবেচনা করে তা পুর্নগঠনের বিষয়ে শ্রম সচিব, শিক্ষা সচিবসহ উপস্থিত

সদস্যবৃন্দ সহমত পোষণ করেন। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এনএসডিসি ও ইসিএনএসডিসি পুনর্গঠনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে বলে সিদ্ধান্ত হয়। ইসিএনএসডিসির পরবর্তী সভায় এ ব্যাপারে আলোচনা করা হবে বলে সভার সমাপ্তি হয়।

এনএসডিসি সচিবালয়ে (SDWG) এর ৮ম সভা অনুষ্ঠিত

১৫ মে ২০১৬ তারিখে সকাল ১০.০০টায় এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে Skill Development Working Group (SDWG) এর ৮ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যৌথভাবে সভাপতিত্ব করেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং আইএলও এর কান্ট্রি ডিরেক্টর জনাব শ্রীনিবাস রেড্ডি। সভাপতি SDWG এর ৮ম সভার এজেন্ডা উল্লেখ করে বিগত ৭ম সভার কার্যবিবরণী সকলের নিকট তুলে ধরেন। উপস্থিত সকলের সম্মতিতে উক্ত কার্যবিবরণী অনুমোদন লাভ করে। সভার এজেন্ডায় জাতীয়

চিত্র ১৫ঃ এনএসডিসি সচিবালয়ে SDWG এর ৮ম সভা।

দক্ষতা উন্নয়ন নীতি ২০১১ বাস্তবায়নের অগ্রগতি, এনএসডিসি সচিবালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার ১ম পর্যায়ের বাস্তবায়ন রির্পোট তৈরি চলমান অবস্থা, এনএসডিসি সচিবালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার ২য় পর্যায়ের শুরু এবং এ কর্মপরিকল্পনার খসড়া তৈরি ইত্যাদির উল্লেখ করা হয়। দক্ষতা উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্পে উন্নয়ন সহযোগিদের সহায়তা ও কার্যকলাপ এ সভায় আলোচিত হয়। SEIP, World Bank, KOICA, GIZ, BSEP, SUDOKHOO ইত্যাদি প্রকল্পসমূহের প্রতিনিধিগণ দক্ষতা উন্নয়নে তাদের স্ব স্ব অগ্রগতি উপস্থিত সকলের নিকট তুলে ধরেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইটি বিষয়ে ডিপ্লোমা লেভেল পর্যন্ত স্ট্যান্ডার্ড তৈরি করে পাইলটিং এর ব্যবস্থা নেওয়ার উল্লেখ করেন। SEIP প্রকল্প বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সাথে স্কিলস কাউন্সিলিং বিষয়ে একযোগে কাজ করার উল্লেখ করেন।

এনএসডিসি সচিবালয়ে TVET Financing System এর সভা অনুষ্ঠিত

১৫ মে ২০১৬ তারিখে দুপুর ১.০০টায় এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে Consultative Forum এর TVET Financing System এর উপর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ইসিএনএসডিসি'র কো-চেয়ার জনাব সালাউদ্দিন কাশেম খান। আইএলওর বি-সেপ প্রজেক্টের কনস্যালটেন্ট Mr. V. Gasskov, 'International Experience of Training Funds' শীর্ষক স্লাইড উপস্থাপন করেন। তিনি দক্ষতা সংশ্লিষ্ট ট্রেনিং প্রোগ্রামে অস্ট্রেলিয়া, কানাডা, দক্ষিণ আফ্রিকা, নেপাল, মিশর ইত্যাদি দেশে প্রচলিত ব্যবস্থার অভিজ্ঞতার আলোকে কিছু প্রস্তাবনা পেশ করেন। বাংলাদেশে NTVQF এর বর্তমান চিত্র তুলে সংক্ষেপে তুলে ধরে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বলেন এ সেক্টরে প্রচুর মাস্টার ট্রেইনার/এসেসর প্রয়োজন এবং টিভিইটি সেক্টর থেকে যে সকল কর্মকর্তা অষ্ট্রেলিয়া, সিঙ্গাপুর থেকে লেভেল-৪ বা তদুর্দ্ধ

চিত্র ১৬: এনএসডিসি সচিবালয়ে TVET Financing System এর উপর সভা।

ট্রেনিং নিয়ে এসেছে তাদেরকে চিহ্নিত করে এসেসররূপে কাজে লাগানো প্রয়োজন। আইএলও'র চীফ টেকনিক্যাল অফিসার জনাব সিজার এ প্রসঙ্গে উল্লেখ করেন যে, এক্ষেত্রে সকলকে একসাথে নির্দিষ্ট এজেন্ডা ভিত্তিক ফলপ্রসু আলোচনা ও সভার মাধ্যমে NTVQF এর বাস্তবায়নে এগিয়ে আসতে হবে।

চিত্র ১৭: TVET Financing System এর সভায় আইএলও এর কনস্যালটেন্ট স্লাইড উপস্থাপন করছেন।

দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা

এনএসডিসি সচিবালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা এনএসডিসির ভবিষ্যত কর্মপরিকল্পনার অংশ হিসেবে এসেসর পুল তৈরির কথা উল্লেখ করেন। তাছাড়া তিনি NHRDF তহবিল দ্রুত গঠন ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা লাভের আশাবাদ ব্যক্ত করেন।

Singapore, China, Afganistan থেকে আগত প্রতিনিধিদের সাথে সাক্ষাৎ

৯ মে ২০১৬ তারিখে সকাল ১১.০০টায় সিঙ্গাপুরের নানইয়াং পলিটেকনিক ইনস্টিটিউটের পরিচালকসহ প্রতিনিধিদল দক্ষতা উন্নয়ন সংক্রান্ত আলোচনার জন্য এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং অন্যান্য কর্মকর্তাদের সাথে সাক্ষাৎ করেন। একই দিন বিকাল ৪.৩০ মিনিটে চীন থেকে আগত প্রতিনিধিদল এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং অন্যান্য কর্মকর্তাদের সাথে সাক্ষাৎ করেন। চীনের গতিশীল অর্থনীতির অন্যতম চালিকাশক্তি তাদের দক্ষ জনশক্তি এবং এ দক্ষ জনশক্তি গড়ে উঠার পিছনে ক্রিয়াশীল সরকারের নীতি, তার বাস্তবায়ন ও অভিজ্ঞতার আলোকে বাংলাদেশের দক্ষতা উন্নয়নে কি পদক্ষেপ গ্রহণ করছে তা চিহ্নিত করতে চীনা প্রতিনিধিদের এ সফর।

চিত্র ১৮: সিঙ্গাপুরের নানইয়াং পলিটেকনিক ইনস্টিটিউটের প্রতিনিধিদলের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তার সভা।

চিত্র ১৯: চীন থেকে আগত প্রতিনিধিদলের সাথে সাক্ষাৎ।

প্রধান উপদেষ্টা

জনাব এ বি এম খোরশেদ আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)

সম্পাদনা পরিষদ

জনাব মোহাম্মদ রেজাউল করিম
পরিচালক (উপসচিব)

জনাব নেপাল চন্দ্র কর্মকার
উপপরিচালক (সহযোগী অধ্যাপক)

জনাব মোঃ কামরুজ্জামান
উপপরিচালক

জনাব এস এম রেজাউল করিম
উপপরিচালক

জনাব শুভ্রা রায়
উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত)

সম্পাদক

জনাব নাহিদ আখতার শান্তা
গবেষণা কর্মকর্তা

সরকারি, বেসরকারি সংস্থার যেকোন দক্ষতা উন্নয়ন সম্পর্কিত সংবাদ, বিজ্ঞপ্তি, কর্মকান্ড থাকলে তা **'দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমায়'** প্রকাশের জন্য এনএসডিসি সচিবালয়ের ঠিকানায় যোগাযোগের জন্য সবিনয় অনুরোধ করা হলো। দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা প্রতি মাসে এনএসডিসি সচিবালয় থেকে প্রকাশিত হয়।

এনএসডিসি সচিবালয় (২য় তলা), টেলিকম ট্রেনিং সেন্টার, ৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮ কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত।
টেলিফোন নম্বরঃ ৮৮৯১০৯১, ৮৮৯১০৯৩, ৮৮৯১০৯৬, ফ্যাক্সঃ ৮৮৯১০৯২, ইমেইলঃ nsdcsecbd@yahoo.com, ওয়েবসাইটঃ www.nsdc.gov.bd